# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬০৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - প্রথম ওয়াক্ত হওয়ার সঙ্গে সঙ্গে সালাত আদায়

### আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْوَقْتُ الْأَوَّلُ مِنَ الصَّلَاةِ رِضْوَانُ اللَّهِ وَالْوَقْتُ الْآخِرُ عَفْوُ اللَّهِ» . رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

৬০৬-[২০] (’আবদুল্লাহ) ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সালাত (সালাত/নামায/নামাজ) প্রথম সময়ে আদায় করা আল্লাহকে খুশী করা এবং শেষ সময়ে আদায় করা আল্লাহর কাছে ক্ষমা পাওয়ার শামিল। (অর্থাৎ- গুনাহ হতে বেঁচে থাকা) (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] মাওযূ‘ : তিরমিযী ১৭২, আবূ দাঊদ ৪২৬, ইরওয়া ২৫৯। কারণ এর সানাদে ইয়াকূব ইবনু আল্ ওয়ালীদ আল্ মাদানী রয়েছে যাকে ইমাম আহমাদ মিথ্যুক হিসেবে অবহিত করেছেন।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘ইশার সালাত (সালাত/নামায/নামাজ) এবং খুব গরমকালে যুহরের সালাত ব্যতীত বাকী সালাতসমূহ প্রথম ওয়াক্তে আদায় করার মাধ্যমে মুসল্লী আল্লাহর সন্তুষ্টির অধিকারী হন। আর সালাতের নির্ধারিত সময়ের শেষ সময়, চলে যাওয়ার সম্ভাবনা তৈরি হয় যেমন সূর্য পশ্চিমাকাশে অস্ত যাওয়ার প্রাক্কালে হলুদ বর্ণ ধারণ করলে ‘আসরের সালাত এবং রাতের অর্ধাংশ অতিবাহিত হওয়ার পর ‘ইশার সালাত আদায় করা। এর মাধ্যমে সালাত আদায় না করার গুনাহ হতে ক্ষমা পাওয়া যায় কিন্তু আল্লাহর সন্তুষ্টি পাওয়া যায় না। এ হাদীস দ্বারা আবারও প্রমাণিত হলো যে, প্রথম ওয়াক্তে সালাত আদায় সর্বোত্তম ‘আমল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55163

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন